

প্রযুক্তির নামঃ গর্তের ভিতর বিষটোপ প্রয়োগে করে নিরাপদে ইঁদুর দমনঃ

মাঠ ফসলের একটি প্রধান শত্রু হলো ইঁদুর। এরা যত্রতত্র গর্ত করে, ফসল কাটে, গর্তে খাবার জমা করে ফসলের ব্যাপক ক্ষতি সাধন করে থাকে। কৃষকগণ সহজে ইঁদুর দমনের জন্য বিভিন্ন ধরনের বিষ খোলা মাঠে ব্যবহার করে যার সফলতা আশানুরূপ নয় এবং এটা পরিবেশ ও অন্যান্য উপকারী প্রাণীদের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তাই নিরাপদ উপায়ে কার্যকরভাবে ইঁদুর ব্যবস্থাপনা অত্যন্ত জরুরী।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্যঃ

- এ পদ্ধতিতে অল্প পরিমাণ (২ গ্রাম প্রায়) ইঁদুর নাশক কাগজের মধ্যে নিয়ে পুটলি বানিয়ে নিতে হয়।
- গর্তের মুখ পরিষ্কার করে গর্তের প্রায় এক ফুট ভিতরে বিষের পুটলি ঢুকিয়ে দিতে হয়।
- মাটির গোলা তৈরী করে গর্তের মুখ বন্ধ করে দিতে হয়।

উপযোগীতাঃ

এই পদ্ধতিটি নিরাপদ যা উপকারী প্রাণীদের জন্য কোন ক্ষতির কারন হয়না। সঠিভাব ব্যবহার করলে মাঠ পর্যায়ে ইঁদুর দমন প্রায় ৮০ ভাগ ভাল সফলতা পাওয়া যায়।

আর্থ সামাজিক প্রেক্ষাপটঃ সামাজিক প্রতিবন্ধকতা নাই।

যোগাযোগঃ অনিষ্টকারী মেরুদন্ডী প্রাণী বিভাগ, ফোন নাম্বার: ০২-৪৯২৭০১৭৪, ই-মেইল- ps0.vert@bari.gov.bd



গর্তের ভিতর বিষটোপ প্রয়োগে করে ইঁদুর দমন